



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
নওগাঁ জেলা কার্যালয়, নওগাঁ



নম্বর ২৬.০৪.৬৪০০.০০০.১৭.০০২.২১.২৬৩

তারিখ: ৯ ভাদ্র ১৪২৮

২৪ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২৪ আগস্ট ২০২১ তারিখে নওগাঁ জেলার সাপাহার উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয়ের অধীন নওগাঁ জেলা কার্যালয় কর্তৃক ২৪/০৮/২০২১ খ্রি তারিখে সহকারী পরিচালক জনাব মোঃ শামীম হোসেন এর নেতৃত্বে সাপাহার উপজেলার আশরন্দ বাজার ও মির্জাপুর বাজার এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক জনাব মোঃ শামীম হোসেন সাপাহার থানাধীন আশরন্দ বাজার ও মির্জাপুর বাজার এলাকায় খ্রি স্টার বেকারী কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করায় ৮,০০০/- টাকা, মা বেকারী কে ধারা ৩৭ অনুযায়ী পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করায় ৩,০০০/- টাকাসহ মোট ১১,০০০/- টাকা জরিমানা করেন। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্বলিত লিফলেট বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। সাপাহার থানা পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

২৪-৮-২০২১

মোঃ শামীম হোসেন

সহকারী পরিচালক

ফোন: ০৭৪১-৮১৪১৯

ইমেইল: ad-

naogaon@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
- ২) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নওগাঁ
- ৪) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাপাহার, নওগাঁ